নম্বর 202.68

<u>নির্বাহী আদেশ</u>

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র রাজ্যের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা আইনের সকল স্থগিতাদেশ এবং পরিবর্তন, এবং সেই সকল নির্দেশ যা কার্যনির্বাহী আদেশ 202.31, 202.41, 202.42, 202.43, 202.51, 202.52, 202.56 -তে উল্লিখিত নির্দেশগুলি, যেমন নির্বাহী আদেশ 202.63, 202.61 এবং 202.62-তে ধারণ করা আছে, সেগুলি সেগুলি 05 নভেম্বর 2020 পর্যন্ত আরো ত্রিশ দিনের জন্য অব্যাহত এবং অপরিবর্তিত রাখছি, এবং আমি এতোদ্বারা নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্থগিত রাখছি বা পরিবর্তিত করছি এই নির্বাহী দেশের তারিখ থেকে 05 নভেম্বর 2020 পর্যন্ত:

- জনস্বাস্থ্য আইনের ধারা 12 ও 206, যতদূর প্রয়োজনীয়, এই নির্বাহী আদেশের অন্য কোনও বিধান থাকা সত্ত্বেও, নির্দেশ করে যে একজন ব্যক্তি যিনি স্বাস্থ্য বিভাগের (Department of Health) বিধিমালায় বর্ণিত একটি অপ্রয়োজনীয় সমাবেশকে উত্সাহিত করেন, প্রচার করেন বা পরিচালনা করেন, তিনি নাগরিক জরিমানার ক্ষেত্রে দিন প্রতি 15,000 মার্কিন ডলার পর্যন্ত ব্যয় করতে দায়বদ্ধ হবেন; এবং

- জনস্বাস্থ্য আইনের ধারা 12-a এবং 206(4) এর অধীনে, যতদূর অনুমোদনের জন্য প্রয়োজনীয়, স্বাস্থ্য কমিশনার বা কমিশনারের প্রতিনিধির নির্দেশে, যে কোনও স্থানীয় সরকারী কর্মকর্তা, এবং স্থানীয় সরকারকে মূল্যায়ন করতে হবে এবং আদায় করতে হবে, এমন নাগরিক জরিমানা যা নির্বাহী আদেশের লঙ্ঘনের ক্ষেত্রে প্রযোজ্য যা নির্বাহী আইনের ধারা 29-A অনুসারে জারি করা হয়েছে, বা যা স্বাস্থ্য বিভাগের কোনও বিধিমালা, যা সামাজিক দূরত্ব বজায় রাখতে এবং মুখের আবরণ পরার ক্ষেত্রে প্রয়োজনীয়তা আরোপ করে, এই দুর্যোগ জরুরী অবস্থার সময়কালের জন্য এবং এই জাতীয় জরিমানা সম্পর্কিত কোনও শুনানি পরিচালনা

করার জন্য। এই ধরনের জরিমানা, যদি ব্যক্তিগত ভিত্তিতে মূল্যায়ন করা হয়, তাহলে প্রতি লঙ্ঘনের জন্য 1,000 মার্কিন ডলারের বেশি হওয়া উচিৎ না, যদি না এখানে অন্যথায় প্রদান করা হয়।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের (Executive Law) আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কতৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি যা 05 নভেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- স্বাস্থ্য বিভাগ রাজ্যের এমন সব এলাকাগুলি নির্ধারণ করবে যেখানে COVID-19 এর ক্লাস্টার-ভিত্তিক সঙ্ক্রমণের উপর ভিত্তি করে উন্নততর জনস্বাস্থ্যের প্রয়োজন, এমন একটি স্তরে যা ভাইরাসের প্রতিরোধের জন্য রাজ্যের নিয়ন্ত্রণকে আপোস করে। কিছু কার্যক্রম সীমিত করা হবে এবং নিচের তিনটি অঞ্চলে যে কোনও অনুমোদিত কার্যক্রম, স্বাস্থ্য বিভাগের নির্দেশিকার কঠোর আনুগত্যে পরিচালিত হবে।
    - ক্লাস্টার কার্যকলাপের তীব্রতার উপর ভিত্তি করে, স্বাস্থ্য বিভাগ সবচেয়ে গুরুতর বা "রেড জোনগুলিতে", নিম্নলিখিত হ্রাস করার ব্যবস্থা গ্রহণ করবে:
        - যে কোন আকারের অপ্রয়োজনীয় সমাবেশ স্থগিত বা বাতিল করা হবে; এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation) কর্তৃক প্রকাশিত নির্দেশিকার ভিত্তিতে নির্ধারিত সকল অপ্রয়োজনীয় ব্যবসা, স্বশরীরে উপস্থিত কর্মীদের সংখ্যা 100% হ্রাস করবে; পূজার স্থানগুলি সর্বোচ্চ দখলের 25% বা 10 জন মানুষ পর্যন্ত সীমার আওতাধীন হবে; যে কোনও রেস্টুরেন্ট বা ট্যাভার্ন গ্রাহকদের প্রাঙ্গনে খাবার বা পানীয় পরিবেশন করবেন না এবং শুধুমাত্র টেকআউট বা ডেলিভারির জন্য খোলা থাকতে পারে; এবং নির্বাহী আদেশে অন্যথায় প্রদত্ত ব্যতীত, স্থানীয় স্বাস্থ্য বিভাগ স্বশরীরে শিক্ষার জন্য সমস্ত স্কুল বন্ধ করার নির্দেশ দেবে।
    - মাঝারি তীব্রতার সতর্কীকরণের এলাকাগুলিতে বা "অরেঞ্জ জোনগুলিতে" নিম্নলিখিত হ্রাস করার ব্যবস্থা:
        - অপ্রয়োজনীয় সমাবেশ 10 জন পর্যন্ত সীমাবদ্ধ থাকবে; কিছু অপ্রয়োজনীয় ব্যবসা, যাদের ক্ষেত্রে COVID-19 ভাইরাস সঙ্ক্রমণের উচ্চ ঝুঁকি থাকে, যেমন জিম, ফিটনেস সেন্টার বা ক্লাস, নাপিত, হেয়ার স্যালন, স্পা, ট্যাটু বা পিয়ারসিং পার্লার, নেইল টেকনিশিয়ান এবং নেইল স্যালন, কসমেটলজিস্ট, রূপবিশারদগণ, লেজার হেয়ার রিমুভাল এবং ইলেক্ট্রোলাইসিসের সুবিধা এবং অন্যান্য সমস্ত ব্যক্তিগত যত্ন পরিষেবাদি স্বশরীরে উপস্থিত কর্মীদের সংখ্যা 100% হ্রাস করবে; পূজার স্থানগুলি সর্বোচ্চ দখলের 33% বা 25 জনের কম ধারণ ক্ষমতার সীমার আওতাধীন হবে; যে কোনও রেস্টুরেন্ট বা ট্যাভার্ন প্রাঙ্গনের ভিতরে গ্রাহকদের খাবার বা পানীয় পরিবেশন করা বন্ধ করে দেবে, কিন্তু বহিরঙ্গন পরিষেবা প্রদান করতে পারে, এবং টেকআউট বা ডেলিভারির জন্য খোলা থাকতে পারে, যদি এটি নিশ্চিত করা হয় যে, কোনও একটি উপবিষ্ট দল বা পক্ষে 4 জনের বেশি ব্যক্তি থাকবেন না; এবং নির্বাহী আদেশে অন্যথায় প্রদত্ত ব্যতীত, স্থানীয় স্বাস্থ্য বিভাগ স্বশরীরে শিক্ষার জন্য সমস্ত স্কুল বন্ধ করার নির্দেশ দেবে।
    - সতর্কতামূলক বা "হলুদ অঞ্চলে" নিম্নলিখিত প্রশমন ব্যবস্থা:
        - অপরিহার্য নয় এমন সমাবেশ 25 জনের বেশী লোকের মধ্যে সীমাবদ্ধ থাকবে না; উপাসনা-ঘরগুলির দখলদারী তার সর্বোচ্চ দখলের ক্ষমতার 50% হবে এবং স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা মেনে চলবে; যে কোন রেস্টুরেন্ট বা ট্যাভার্নকে অবশ্যই যে কোন একটি আসন বা দলের আকার 4 জনের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে; এবং স্বাস্থ্য দপ্তর 9 অক্টোবর 2020 এর মধ্যে ছাত্র ও বিদ্যালয়ের কর্মচারীদের বাধ্যতামূলক পরীক্ষা সংক্রান্ত নির্দেশিকা জারি করবে এবং স্কুলগুলোকে এই নির্দেশিকা মেনে চলতে হবে।
- উপরোক্ত নির্দেশিকাটি অবিলম্বে এবং সেই সময় কার্যকর করা হবে যখন এই ধরনের ক্ষতিগ্রস্ত এলাকায় বিজ্ঞপ্তি প্রদান করা হবে, তা প্রয়োগ করা হতে পারে এবং শুক্রবার, 9 অক্টোবর 2020 তারিখের মধ্যে বলবৎ করতে হবে, যেমনভাবে যে কাউন্টিতে রেড জোন, কমলা জোন এবং হলুদ জোন অবস্থিত, সেই কাউন্টি নির্ধারন করে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহরসহ দুই হাজার বিশ

সালের অক্টোবর মাসের ষষ্ঠ দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব